শিক্ষা বিষয়ক শাখা
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

ACADEMIC SECTION
BANGLADESH AGRICULTURAL UNIVERSITY
MYMENSINGH

Phone: 091-67401-6/2124, Fax: 880-91-66846, E-mail: aca@bau.edu.bd, Website: www. bau.edu.bd

নং-শা-১/ভ-০১/২৪/১১২৯/শিক্ষা

তারিখঃ ৩১-১২-২০২৪

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের স্নাতক (লেভেল-১, সিমেস্টার-১) শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

১. আগামী **৬ জানুয়ারি ২০২৫** তারিখ **সোমবার** থেকে সকল অনুষদ/ইনস্টিটিউট এর ক্লাশ শুরু হবে। ক্লাশ শুরুর বিষয়ে প্রস্তুতি গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

২. যে সকল ছাত্র-ছাত্রী অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে মাইগ্রেশন হয়ে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে এসেছে তাদেরকে আগামী ০৫-০১-২০২৫ তারিখের মধ্যে বাকৃবি ওয়েবসাইটে নিম্নের লিঙ্কে ক্লিক করার পর PIN এবং Roll দিয়ে Login করে প্রয়োজনীয় তথ্য প্রদান, পাসপোর্ট সাইজের ফটো এবং স্বাক্ষর (JPG Format) আপলোড করতে হবে। আপলোড শেষ হলে স্বয়ংক্রিয়ভাবে Admission form, Registration form, Medical form, Pay slip তৈরী হবে যা ডাউনলোড করে A4 সাইজের অফসেট পেপারে প্রিন্ট করতে হবে।

Login করার লিঙ্ক ঃ https://bau.edu.bd/ug_admission

৩. আগামী **০৬-০১-২০২৫** তারিখ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টার মধ্যে নিম্নবর্ণিত স্থান সমূহে সশরিরে উপস্থিত থেকে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে ঃ

| ছাত্র-ছাত্রীদের রিপোর্টের স্থান | অফিসের কার্যক্রম |
|---|---|
| বাঁধন এর কার্যালয় | মাইগ্রেশনকৃত ছাত্র-ছাত্রীদের ব্লাড গ্রুপিং করে রিপোর্ট প্রদান। |
| হেল্থ কেয়ার সেন্টার | মাইগ্রেশনকৃত ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা করে মেডিক্যাল ফরমে স্বাক্ষর প্রদান। |
| সংশ্লিষ্ট ডিন/ইনস্টিটিউট অফিস | মাইগ্রেশনকৃত ছাত্র-ছাত্রীদের Admission form এ ডিন/পরিচালক মহোদয় কর্তৃক স্বাক্ষর প্রদান। |
| সংশ্লিষ্ট হল অফিস | মাইগ্রেশন হয়ে আসা ছাত্র-ছাত্রীদেরকে লটারীর মাধ্যমে হল প্রদান করা হয়েছে। হল অফিস ভর্তির কাজ সম্পন্ন করবেন এবং প্রভোস্ট মহোদয় ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন। |
| শিক্ষা বিষয়ক শাখা | মাইগ্রেশনকৃত ছাত্র-ছাত্রীদের নিকট থেকে Admission form, Registration form, Medical form জমা রাখা এবং রেজিস্ট্রার মহোদয় কর্তৃক ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান। |
| কোষাধ্যক্ষ কার্যালয় | মাইগ্রেশনকৃত ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ডাউনলোডকৃত পে-স্লিপ গ্রহণ করে সিল দিয়ে অর্ধেক অংশ ফেরত প্রদান। |
| পূবালী ব্যাংক, বিশ্ববিদ্যালয় চত্তর শাখা | ছাত্র-ছাত্রীদের সঞ্চয়ী হিসাব খোলা। |

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে
স্বা/-
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

মেমো নং-শা-১/ভ-০১/২৪/১১২৯/শিক্ষা

তারিখঃ ৩১-১২-২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১. সকল অনুষদীয় ডীন। সংশ্লিষ্ট বিভাগসমূহে প্রেরণের অনুরোধসহ।
২. ছাত্র বিষয়ক উপদেষ্টা।
৩. পরিচালক, ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (আইআইএফএস)। সংশ্লিষ্ট বিভাগসমূহে প্রেরণের অনুরোধসহ।

Scanned with CamScanner CamScanner

৪. কোষাধ্যক্ষ।
৫. সকল হলের প্রভোস্ট।
৬. প্রক্টর।
৭. পরিচালক, আইসিটি সেল। বাকৃবি ওয়েবসাইটে প্রচার এবং মাইগ্রেশনকৃত ছাত্র-ছাত্রীদের নিকট থেকে তথ্য সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৮. গ্রন্থাগারিক।
৯. চীফ মেডিকেল অফিসার। মাইগ্রেশনকৃত ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করার অনুরোধসহ।
১০. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা।
১১. ম্যানেজার, পূবালী ব্যাংক লিঃ, বিশ্ববিদ্যালয় চত্ত্বর শাখা, ময়মনসিংহ। মাইগ্রেশনকৃত ছাত্র-ছাত্রীদের সঞ্চয়ী হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১২. এডিশনাল রেজিস্ট্রার, ভিসি সচিবালয়। মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
১৩. ডেপুটি রেজিস্ট্রার, সংস্থাপন শাখা-১। রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

০১.১২.২০২৪

এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
শিক্ষা বিষয়ক শাখা
ময়মনসিংহ

Scanned with CamScanner